# বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্‌স (বিইউপি)

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

## দরপত্র বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্‌স (বিইউপি) এর জন্য ২০১২-২০১৩ অর্থবৎসরে নিম্নে বিভিন্ন লটে উল্লেখিত দ্রব্যসামগ্রী ক্রয় করা হবে। এ লক্ষ্যে প্রকৃত সরবরাহকারী/ঠিকাদার/ব্যবসায়ী/কোম্পানির নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | বিস্তারিত বিবরণ | লট নং | দরপত্রের মূল্য | বিক্রয়ের তারিখ | জমাদানের শেষ তারিখ ও সময় | খোলার তারিখ ও সময় | প্রাক দরপত্র জমাদান আলোচনা |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | অফসেট ও ডুপ্লিকেটিং কাগজ, প্লটার রোল, ব্রাউন পেপার এবং রেজিস্টার ক্রয় | লট-১ | ৩০০/- | ৩০/১০/১২ হতে ০৪/১১/২০১২ | ০৮/১১/১২ ১২০০ ঘটিকা | ০৮/১১/১২ ১২৩০ ঘটিকা | ০৭/১১/১২ ১২০০ ঘটিকা |
| ২। | বিভিন্ন রকম কলম, পেন্সিল, ফ্লুইড, জেমস্ ক্লিপ, সিডি, ডিভিডি, ব্যাটারী এবং গাম ক্রয় | লট-২ | ৩০০/- | ৩০/১০/১২ হতে ০৪/১১/২০১২ | ০৮/১১/১২ ১২০০ ঘটিকা | ০৮/১১/১২ ১২৩০ ঘটিকা | ০৭/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৩। | বাইন্ডিং ক্লিপ, স্কচ টেপ, স্পাইরাল রিং, থ্রেড বল, ষ্টাপলার মেশিন, ষ্টাপলার পিন, বোর্ড পিন, ক্যালকুলেটর এবং বিভিন্ন প্রকার স্টেশনারী ক্রয় | লট-৩ | ১৫০/- | ১১/১১/১২ হতে ১৫/১১/২০১২ | ২০/১১/১২ ১২০০ ঘটিকা | ২০/১১/১২ ১২৩০ ঘটিকা | ১৯/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৪। | বিভিন্ন প্রকার প্রিন্টার, ফটোকপি মেশিন ও ফ্যাক্স এর টোনার ক্রয় | লট-৪ | ৫০০/- | ১১/১১/১২ হতে ১৫/১১/২০১২ | ২০/১১/১২ ১২০০ ঘটিকা | ২০/১১/১২ ১২৩০ ঘটিকা | ১৯/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৫। | নমুনা অনুযায়ী বিভিন্ন প্রকার ফরম, লগ বুক, রেজিস্টার, উত্তরপত্র, আবেদনপত্র, প্রবেশপত্র ও খাম মুদ্রণ ও নমুনা অনুযায়ী নিরাপত্তা চিহ্ন সম্বলিত বিশেষ সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্ট মুদ্রণ | লট-৫ | ৭৫০/- | ২১/১১/১২ হতে ২৭/১১/২০১২ | ২৯/১১/১২ ১২০০ ঘটিকা | ২৯/১১/১২ ১২৩০ ঘটিকা | ২৮/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৬। | ইলেক্ট্রিক যন্ত্রপাতি ক্রয় | লট-৬ | ৩০০/- | ২১/১১/১২ হতে ২৭/১১/২০১২ | ২৯/১১/১২ ১২০০ ঘটিকা | ২৯/১১/১২ ১২৩০ ঘটিকা | ২৮/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৭। | কম্পিউটার ও কম্পিউটার যন্ত্রাংশ ক্রয় | লট-৭ | ১৫০/- | ২৬/১১/১২ হতে ০২/১২/২০১২ | ০৫/১২/১২ ১২০০ ঘটিকা | ০৫/১২/১২ ১২৩০ ঘটিকা | ০৪/১১/১২ ১২০০ ঘটিকা |
| ৮। | বিভিন্ন প্রকার ঔষধ সামগ্রী ক্রয় | লট-৮ | ১৫০/- | ২৬/১১/১২ হতে ০২/১২/২০১২ | ০৫/১২/১২ ১২০০ ঘটিকা | ০৫/১২/১২ ১২৩০ ঘটিকা | ০৪/১১/১২ ১২০০ ঘটিকা |

২। বিজ্ঞপ্তির উল্লেখিত তারিখে সিডিউল বিক্রয় ও জমা নেয়া হবে।
৩। দরপত্রদাতাকে দরপত্র জমা দেওয়ার সময় অবশ্যই হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সার্টিফিকেট ও আইটি সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং অরিজিনাল ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।
৪। দরপত্র তফসিলের সহিত ৩% হারে আর্নেস্টমানি, রেজিস্ট্রার বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্‌স, মিরপুর সেনানিবাস এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।
৫। কর্তৃপক্ষ যে কোন দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ, বাতিল বা আংশিক গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।
৬। দরপত্র প্রদানকারী তফসিলের সহিত সংযুক্ত শর্তাবলী অনুযায়ী দরপত্র দাখিল ও পরবর্তীতে সকল শর্তাবলী মেনে চলতে হবে।

**রেজিস্ট্রার**
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্‌স (বিইউপি)
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

জিডি-৪০৭৭

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-আমাই/আউট সোর্সিং জনবল/প্র-২য়/১১/২০১২/৬৬

তারিখ: ০২ কার্তিক ১৪১৯ / ১৭ অক্টোবর ২০১২

## আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্পের (২য় পর্যায়) প্রকল্প বাস্তবায়ন ইউনিটে নিম্নলিখিত পদসমূহের সেবা গ্রহণের নিমিত্ত সাকুল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের লক্ষ্যে স্বীকৃত প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ড্রাইভার (৪৭০০-৯৭৪৫) | ০২ (দুই) | ১৮-৩০ বছর | এসএসসি পাস। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ২. | গার্ড (৪১০০-৭৭৪০) | ০২ (দুই) | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেণী পাস। সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| ৩. | এম.এল.এস.এস (৪১০০-৭৭৪০) | ০২ (দুই) | ১৮-৩০ বছর | এসএসসি পাস। অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| ৪. | সুইপার (৪১০০-৭৭৪০) | ০২ (দুই) | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেণী পাস। অভিজ্ঞ প্রার্থী অগ্রাধিকার পাবে। |
| | | ০৮ টি | | |

**শর্তসমূহ:**

১. দরপত্রে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রতিষ্ঠানকে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র ও হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র থাকতে হবে। প্রার্থীদের জীবনবৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদপত্রসহ এবং প্রতিটি পদের দরপত্র/প্রস্তাব উল্লেখপুর্বক নিম্নোক্ত ছক মাতাবেক তাদের স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে সিলগালা অবস্থায় দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) বরাবরে দাখিল করতে হবে। দরপত্রের সাথে প্রস্তাবিত প্রার্থীদের এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত প্রার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে আলোচ্য প্রকল্পে কাজ করতে সম্মত রয়েছে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

| পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা (বছর) | কর্মচারীর জন্য মাসিক সাকুল্যে বেতন | প্রতিষ্ঠানের মাসিক সার্ভিস চার্জ, ভ্যাট, আয়কর ও অন্যান্য ব্যয় | জনপ্রতি প্রতিমাসের মোট দর (৫+৬) | মোট বেতন (৭×২) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| গাড়িচালক (১৬ নং গ্রেড) | ০২ | | | | | | |
| গার্ড (২০ নং গ্রেড) | ০২ | | | | | | |
| এম.এল.এস.এস (২০ নং গ্রেড) | ০২ | | | | | | |
| সুইপার (২০ নং গ্রেড) | ০২ | | | | | | |

২. আগামী ১৪/১১/২০১২ তারিখ বেলা ১:০০ ঘটিকার মধ্যে প্রকল্প কার্যালয়ে (১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) রক্ষিত বক্সে দরপত্র দাখিল করতে হবে। একই তারিখ বেলা ৩:০০ ঘটিকার সময় প্রাপ্ত দরপত্র দাখিলকারীগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
৩. দরপত্রের সাথে প্রকল্প পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প বরাবরে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার দরপত্র জামানত হিসাবে দাখিল করতে হবে।
৪. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক প্রকল্পের সরবরাহ ও সেবা (কোড ৪৮৫১) খাতে বরাদ্দকৃত অর্থ হতে বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানকে মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত আয়কর, ভ্যাট ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।
৫. সরকারি কোন প্রতিষ্ঠানে কাজ করেছে এমন প্রস্তাবকারী প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দেয়া হবে।
৬. চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৭. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
৮. প্রকল্পের প্রয়োজনে সংশ্লিষ্ট জনবলকে দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় দায়িত্ব পালন করতে হবে। প্রয়োজনে সরকারি ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে। যে সকল প্রতিষ্ঠান দৈনিক অফিস সময়ের অতিরিক্ত সময় বা সরকারি ছুটির দিনে জনবল নিয়োজিত রাখতে অপারগ হবে তাদের প্রস্তাব দাখিল করার প্রয়োজন নেই। পরবর্তীতেও অপরাগতা প্রকাশ করলে জনবল সরবরাহের চুক্তি বাতিল করা হবে।
৯. নিয়োজিত কর্মচারীদের সরকারি বিধি মোতাবেক অতিরিক্ত কাজের ভাতা ও উৎসব ভাতা প্রদান করা হবে।
১০. সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক না হলে অবহিতকরণের ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।
১১. নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের জনপ্রতি ০১ (এক) বছরের বেতনের ১০% হারে নিরাপত্তা জামানত পে-অর্ডারের মাধ্যমে প্রকল্প পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়) বরাবরে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
১২. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা, অবহেলার কারণে প্রকল্পের কোন মূল্যবান জিনিস বা সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।
১৩. আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
১৪. পদের সংখ্যা কম-বেশী হতে পারে এবং কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**মহাপরিচালক**
ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (২য় পর্যায়)

জিডি-৪০৮২

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কাওরান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১০৪.১১.০৪০.১২.৩৬৩

তারিখ: ১৮-১০-২০১২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষক | ১(এক) | ৫৫০০-১২০৯৫/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেনীর স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০২ | ব্যক্তিগত সহকারী | ৩(তিন) | ৫২০০-১১২৩৫/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীদের সাঁটলিপিতে প্রতিমিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ ও বাংলায় ৫০ শব্দ এবং কম্পিউটার প্রতিমিনিটে সর্বনিম্ন গতি মুদ্রাক্ষরে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ থাকিতে হইবে। |
| ০৩ | গবেষণাগার সহকারী | ৯ (নয়) | ৪৯০০-১০৪৫০/- | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৪ | ডাটা এন্ট্রি অপারেটর | ২ (দুই) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে); এবং (খ) কম্পিউটারে ডাটা এন্ট্রি কাজে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৫ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৬৫(পঁয়ষট্টি) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজি ২০ শব্দ। |
| ০৬ | ক্যামেরাম্যান | এক(১) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ডিজিটাল স্টীল ক্যামেরায় ছবি ধারণ, সংরক্ষণ ও প্রিন্ট করার এবং ভিডিও ক্যামেরা পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৭ | সহকারী হিসাবরক্ষক | ১(এক) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৮ | অভিযোগ গ্রহণকারী | ৩(তিন) | ৪৭০০-৯৭৪৫/- | (ক) কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমামানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ০৯ | গাড়িচালক | ৫(পাঁচ) | ৪৭০০-৯৭৪৫/- (হালকা লাইসেন্স) ৪৯০০-১০৪৫০/- (ভারী লাইসেন্স) | অষ্টম শ্রেণী পাস। লাইট এবং হেভী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। তবে অভিজ্ঞতাসম্পন্ন এবং কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০ | নমুনা সংগ্রহকারী | ২(দুই) | ৪২৫০-৮১৪০/- | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

২। আবেদনপত্র স্বহস্তে এবং মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১, কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা বরাবরে লিখিতে হইবে।
৩। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের কাউন্সিলরের নিকট হইতে নাগরিকত্বের সনদ এবং ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তার নিকট হইতে চারিত্রিক সনদ আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪। আবেদনপত্রের সহিত সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সংরক্ষিত কোটায় আবেদনের সপক্ষে প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
৫। আবেদনকারীর সাথে পত্র যোগাযোগের জন্য আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) লেখা সম্বলিত ৬ (ছয়) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি খাম আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।
৬। গাড়িচালক পদের জন্য গাড়ি চালনার (হেভী ও লাইট) বৈধ লাইসেন্সের সত্যায়িত কপি ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সংযুক্ত করিতে হইবে। গাড়িচালক পদের আবেদনকারীকে রেজিষ্টার্ড ডাক্তারের নিকট হইতে চোখ ও কান পরীক্ষার মূল সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।
৭। আবেদনপত্রে অবশ্যই (ক) নাম (খ) পিতার/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জন্ম তারিখ (জ) জাতীয়তা (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) এবং (ঞ) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/উপজাতি/প্রতিবন্ধী সম্পর্কিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে।
৮। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হইবে না।
৯। প্রার্থীর বয়স ১৮/১২/২০১২ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স সম্পর্কে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।
১০। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসাবে আবেদন করিতে পারিবেন না এবং আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে সমপদে চাকুরী করিতে বাধ্য থাকিবেন।
১১। সরকারি বিধি-বিধান মোতাবেক সরকার নির্ধারিত জেলা ও অন্যান্য কোটা সংরক্ষণ করা হইবে।
১২। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং প্রতিবন্ধী, উপজাতি ও আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।
১৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে "প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা" এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।
১৪। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে ১-১৭৪২-০০০০-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা জমাদানের (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের (সোনালী ব্যাংকের) মূলকপি আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে। এ ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
১৫। আবেদনপত্র দাখিলের সময় খামের উপর পদের নাম, নিজ জেলার নাম ও প্রার্থী যে কোটায় (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন করিবেন তাহা উল্লেখ করিতে হইবে।
১৬। কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন। এক্ষেত্রে কোন সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
১৭। আবেদনকারীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না।
১৮। কোন প্রার্থী মিথ্যা বা ভুল তথ্যের মাধ্যমে আবেদন করিয়া চাকুরীর জন্য বিবেচিত হওয়ার পর তাহা মিথ্যা বা ভুল প্রমাণিত হইলে তাহাকে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত করা হইবে এবং দেশের প্রচলিত আইনে তাহার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।
১৯। আবেদনপত্র ডাকযোগে আগামী ১৮/১২/২০১২ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১, কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকায় পৌঁছাইতে হইবে।
২০। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
২১। প্রার্থী নির্বাচনে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

**মোঃ রেজাউল করিম শেখ**
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

জিডি-৪০৭৪